

প্রেস বিজ্ঞপ্তি  
৩০ অক্টোবর ২০২৩

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ৩০ অক্টোবর ২০২৩ তারিখে সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার শিয়ালকোল বাজারে ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে অভিযান পরিচালিত হয়েছে। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ শিয়ালকোল বাজার এলাকায় মেসার্স রিয়াদ মেডিক্যাল হলকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে ৫,০০০/- টাকা এবং মেসার্স আশা মেডিক্যাল হলকে মুরগীর মেয়াদ উত্তীর্ণ ভ্যাকসিন, ভিটামিন ইত্যাদি বিক্রয় করার অপরাধে ৭,০০০/- টাকা জরিমানা করেন। পুলিশ লাইন সিরাজগঞ্জ এর সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।



30.10.2023

(মোঃ হাসান-আল-মারুফ)

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

সিরাজগঞ্জ জেলা কার্যালয়

মোবাইলঃ ০১৩১৮-৩৯৬৯৫৮